# U.G. 4th Semester Examination - 2022

## BENGALI

## [HONOURS]

### Course Code : BBNGCCHT401

### Course Title : সংস্কৃত সাহিত্যের ইতিহাস

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) ভারতীয় সাহিত্যের দুটি ধ্রুপদী মহাকাব্যের নাম লেখো।

খ) মেঘদূতের কোন অংশকে পূর্বমেঘ বলা হয়?

গ) 'মহাভারত'কে 'ভারত কোষ' বলা হয় কেন?

ঘ) 'ঋতুসংহার'কে কী জাতীয় কাব্য বলা যায়?

ঙ) মহাভারত রচয়িতাকে 'বেদব্যাস' বলা হয় কেন?

চ) শার্বিলক কোন্ নাটকের চরিত্র?

ছ) রামচন্দ্র এবং শ্রীকৃষ্ণ কোন্ কোন্ যুগের অবতার ছিলেন?

জ) 'কুমারসম্ভব' কী জাতীয় কাব্য? সর্গসংখ্যা কত?

ঝ) রামায়ণের দীর্ঘতম কাণ্ড কোন্‌টি?

ঞ) 'গীতগোবিন্দ' কাব্য কিসের অনুসরণে কয়টি সর্গে রচিত?

[পরের পাতায়]

ট) সংস্কৃত গদ্য সাহিত্যে কোন্ লেখক কোথায় বিস্তৃতভাবে নিজের আত্মপরিচয় দান করেছেন?

ঠ) 'বিক্রমোর্বশীয়' নাটকের নায়ক-নায়িকার নাম কী?

ড) 'মধ্যমব্যায়োগ' কার রচিত, কী জাতীয় নাটক?

ঢ) সাধারণ মানুষকে নিয়ে সংস্কৃত ভাষায় রচিত একটি নাটকের নাম লেখো।

ণ) 'অবিমারক' নাটকের নায়ক-নায়িকার নাম লেখো।

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) মহাভারতের দুটি নীতিমূলক কাহিনির নাম উল্লেখ করো।

খ) 'শ্রীমদ্ভগবতগীতা'র মর্মবাণী কী?

গ) জয়দেব কোন্ রাজার সভাকবি ছিলেন? তিনি কোন্ শতাব্দীর কবি?

ঘ) 'গীতগোবিন্দ' কাব্যে ব্যবহৃত দুটি রাগের উল্লেখ করো।

ঙ) ভাসের নাটকগুলি কে আবিষ্কার করেন? ভাসের শ্রেষ্ঠ নাটক কোন্‌টি ?

চ) 'কাদম্বরী' কাব্যের কোন্ ভাগ কে রচনা করেন?

ছ) 'মেঘদূত' কটি খণ্ডে বিভক্ত? খণ্ডদুটির নাম লেখো।

জ) 'রঘুবংশ' কাব্যের সূচনা ও সমাপ্তিতে কোন্ কোন্ রাজার উল্লেখ আছে?

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) 'হর্ষচরিত' কী জাতীয় গ্রন্থ? সংস্কৃত সাহিত্যের ইতিহাসে গ্রন্থটির গুরুত্ব সম্পর্কে আলোচনা করো।

খ) ‘অভিজ্ঞান শকুন্তলম’ নাটকে অনসূয়া ও প্রিয়ংবদা চরিত্রের ভূমিকা আলোচনা করো।

গ) বাংলা সাহিত্যে রামায়ণের প্রভাব সম্পর্কে আলোচনা করো।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) কালিদাসের কাব্যগুলি বিচার করে সংস্কৃত সাহিত্যে তাঁর অবদান আলোচনা করো।

খ) রামায়ণ মহাভারতের মধ্যে কোন্‌টি পূর্বে রচিত? যুক্তি সহকারে রামায়ণ মহাভারতের পৌর্বাপর্য বিচার করো।

গ) সংস্কৃত নাট্য সাহিত্যে ভাস-এর কৃতিত্ব সম্পর্কে আলোচনা করো।

———